**পায়রা বন্দর কর্তৃপক্ষ**
**কলাপাড়া, পটুয়াখালী**
**www.ppa.gov.bd**

নং- ১৮.২১.৭৮৬৬.০০১.৫৫.০০১.২০.**৬৪১**

**তারিখঃ** ২৭ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
১১ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষের প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের নিয়োগের লক্ষ্যে ওয়ার্কচার্জ (Work Charge) ভিত্তিতে অস্থায়ীভাবে নিম্নলিখিত পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | Work Charge ভিত্তিতে সর্বসাকুল্য বেতন (জা:বে:স্কেল-২০১৫ অনুযায়ী) | ০১-০১-২০২৩ খ্রি. তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক | ০১ (এক) টি | ১৯,৮২৫/-(১১তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৪৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী; অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা। |
| ০২ | সহকারী শিক্ষক (পুরুষ) | ০২ (দুই) টি | ১৭,৬৫০/-(১৩তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ।<br>(খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৩ | সহকারী শিক্ষক (মহিলা) | ০৩ (তিন) টি | ১৭,৬৫০/-(১৩তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৪ | সহকারী শিক্ষক (আইসিটি) | ০১ (এক) টি | ১৭,৬৫০/-(১৩তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে ন্যূনতম স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০১ (এক) বছরের আইসিটি/কম্পিউটার সম্পর্কিত কোর্স থাকিতে হইবে।<br>(গ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৫ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ০১ (এক) টি | ১৭,৬৫০/-(১৩তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট হইতে বিপিএড/এমপিএড পাশ; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ সনদ।<br>(খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৬ | সহকারী শিক্ষক (চারুকলা/ড্রয়িং) | ০১ (এক) টি | ১৭,৬৫০/-(১৩তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ/ইন্সটিটিউট হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ব্যাচেলর অব ফাইন আর্টস বা সমমানের ডিগ্রি ।<br>(খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৭ | প্রধান সহকারী | ০১ (এক) টি | ১৭,৬৫০/-(১৩তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দ থাকিতে হইবে। |
| ০৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ (এক) টি | ১৫,৬৫০/-(১৬তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে অন্যূন বাংলা ২০ ও ইংরেজী ২০ শব্দ। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৯ | অফিস সহায়ক | ০১ (এক) টি | ১৪,০৭৫/-(২০ তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) অষ্টম শ্রেণি পাশ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০ | দপ্তরি/আয়া | ০১ (এক) টি | ১৪,০৭৫/-(২০ তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) অষ্টম শ্রেণি পাশ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১ | পরিচ্ছন্নতাকর্মী | ০১ (এক) টি | ১৪,০৭৫/-(২০ তম গ্রেড) (সাকুল্য বেতন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) অষ্টম শ্রেণি পাশ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

**নিয়োগের শর্তাবলি** :-

১। উল্লিখিত পদে আগ্রহী প্রার্থীদেরকে আগামী **২৬ জানুয়ারি, ২০২৩ খ্রি.** তারিখের মধ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনের কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ/ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী বরাবর প্রেরণ করতে হবে। পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা। অবশ্যই খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।

২। প্রার্থীকে আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ **পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী** বরাবর **১ নং** পদের জন্য **৩০০/- (তিনশত)** টাকা, **২-৮ নং** পদের জন্য **২০০/- (দুইশত)** টাকা এবং **৯-১১** নং পদের জন্য **১০০/- (একশত)** টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৩। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। লিখিত/মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং আবেদনপত্রসহ সকল সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। প্রার্থী কর্তৃক প্রেরিত আবেদনপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য নয়।

৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। এই নিয়োগ প্রক্রিয়াটি অস্থায়ীভাবে ওয়ার্কচার্জ (Work Charge) ভিত্তিতে সম্পন্ন হবে। ওয়ার্কচার্জ (Work Charge) ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত কোন প্রার্থীকে চাকরি স্থায়ী করার নিশ্চয়তা কর্তৃপক্ষ প্রদান করে না।

৯। এ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। আবেদনপত্র যাচাই-বাছাই এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। **২৬-০১-২০২৩ খ্রিঃ** তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১১। এই বিজ্ঞপ্তিটি পায়রা বন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট (www.ppa.gov.bd ) এ পাওয়া যাবে।

11.01.2023

তায়েবুর রহমান
উপপরিচালক (সংস্থাপন ও নিয়োগ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ

৫X৫ সে.মি. ছবি (সম্প্রতি তোলা চার কপি সত্যায়িত রঙিন ছবি স্ট্যাপল করতে হবে)

# চাকরির আবেদন ফরম

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম: | | | | | | | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩ | প্রার্থীর নাম : | বাংলায় : | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫ | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা) : | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮ | মাতার নাম : | | | | | | | | | | |
| ৯ | পিতা/স্বামী নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১ | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে) |
| ১২ | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪ | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬ শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯ | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: দি ন মা স ব ৎ স র | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

| দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর